FEB. 1 3 2001

তারিখ ...

পৃঃ ৮ কলাম ৬

# বেতাগী মাদ্রাসায় সন্ত্রাসীদের তান্ডব ॥ সুপারসহ ৪ জন আহত

বরগুনা (উত্তর) সংবাদদাতা ॥ গত রবিবার বেতাগী উপজেলার করুণা হাফেজিয়া মাদ্রাসায় একদল সন্ত্রাসী হামলা চালাইয়া ব্যাপক ভাংচুর, মালামাল লুট এবং কাগজপত্র তছনছ করে। এই সময় তাহাদিগকে বাধা দিতে গিয়া সুপার মাওলানা শাহজালাল সহকারী শিক্ষক আঃ রশিদ, আরিফুর রহমান এবং পিয়ন আঃ সালাম আহত হয়। হামলা চলাকালীন এলাকাবাসী ৮ জন সন্ত্রাসীকে আটক করিয়া বেতাগী থানায় সোপর্দ করিয়াছে। এই সন্ত্রাসী হামলার ব্যাপারে চাঁদাবাজি অথবা মাদ্রাসা সুপার ও পরিচালনা কমিটির সভাপতির মধ্যে মতবিরোধই মূল কারণ বলিয়া পরস্পর বিরোধী বক্তব্যে জানা গিয়াছে।